



বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
BANGLADESH RURAL ELECTRIFICATION BOARD

স্মারক নং- ২৭.১২.০০০০.০২৫.১১.১২৮.২১-২২২৩

কর্মচারী প্রশাসন পরিদপ্তর
বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
সদর দপ্তর ভবন, নিকুঞ্জ-২
খিলক্ষেত, ঢাকা-১২২৯।
ফোনঃ ০২-৮৯০০৩৫৮
ই-মেইলঃ rebdpa@gmail.com

তারিখঃ ২০ চৈত্র, ১৪২৭ বঙ্গাব্দ
০৩ এপ্রিল, ২০২১ খ্রিস্টাব্দ


নোটিশ

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড-এর রাজস্ব খাতভুক্ত 'কম্পিউটার মুদ্রাক্ষরিক-কাম-অফিস সহকারী' পদে জনবল নিয়োগের নিমিত্ত অদ্য ০৩/০৪/২০২১ খ্রি. শনিবার সকাল ১০:০০ ঘটিকায় অনুষ্ঠিত ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণকারী প্রার্থীদের মধ্য থেকে মৌখিক পরীক্ষার জন্য নির্বাচিত প্রার্থীদের রোল নম্বর, মৌখিক পরীক্ষার তারিখ, সময় এবং স্থান নিয়ে উল্লেখ করা হলোঃ

নির্বাচিত প্রার্থীদের রোল নম্বর	মৌখিক পরীক্ষার তারিখ ও সময়	মৌখিক পরীক্ষার স্থান
৩০০০০০৩৮, ৩০০০০১১৫, ৩০০০০১৬৫, ৩০০০০৩০৭, ৩০০০০৩৭৮, ৩০০০০৪২৯, ৩০০০০৪৮০, ৩০০০০৫৫০, ৩০০০০৯২৫, ৩০০০০৯২৭, ৩০০০০৯৬০, ৩০০০০৯৬৬, ৩০০০১০০৯, ৩০০০১১১১, ৩০০০১১৪২, ৩০০০১১৭৬, ৩০০০১৩৭৫, ৩০০০১৪৬৭, ৩০০০১৮০১ ও ৩০০০১৯৭৪ (মোট = ২০ জন)।	০৪-০৪-২০২১ খ্রি. (রবিবার) সকাল ১১:৩০ টা থেকে।	কর্মচারী প্রশাসন পরিদপ্তর, সদর দপ্তর ভবন (২য় তলা), বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯।

মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সময় নিম্নোক্ত শর্তসমূহ অনুসরণ করতে হবেঃ

- মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য পৃথক কোন প্রবেশপত্র ইস্যু করা হবে না।
- লিখিত (এমসিকিউ) পরীক্ষার প্রবেশপত্র অবশ্যই সঙ্গে আনতে হবে।
- Online এ আবেদনের Applicant's Copy মৌখিক পরীক্ষার সময় দাখিল করতে হবে। অন্যথায় মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে না।
- মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সময় সকল শিক্ষাগত যোগ্যতার মূল সনদ, অভিজ্ঞতা সনদ (প্রযোজ্য ক্ষেত্রে), সর্বশেষ অধ্যয়নকৃত প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র, জাতীয় পরিচয়পত্র, জাতীয়তা/নাগরিকত্ব সনদ, প্রযোজ্য ক্ষেত্রে মুক্তিযোদ্ধা সনদ, এতিম ও শারীরিক প্রতিবন্ধী, উপজাতি, আনসার ও গ্রাম প্রতিরক্ষা সনদ ইত্যাদি নিয়োগ কমিটির নিকট প্রদর্শন করতে হবে।
- সকল কাগজপত্রের ০২ (দুই) সেট সত্যায়িত ফটোকপি এবং সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০২ (দুই) কপি সত্যায়িত রঙিন ছবি মৌখিক পরীক্ষার সময় জমা প্রদান করতে হবে।
- কোন প্রার্থীর নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত শর্তাদির কোন শর্ত প্রতিপালিত হয়নি মর্মে প্রমাণিত হলে নিয়োগ প্রক্রিয়া/নিয়োগের যে কোন পর্যায়ে তার নিয়োগ আবেদন বাতিল করা হবে।
- মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রার্থীকে টিএ/ডিএ প্রদান করা হবে না।


(মুহাম্মদ খালেদ হোসেন)
পরিচালক
কর্মচারী প্রশাসন পরিদপ্তর।